

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পরিবার কল্যাণ-২ অধিশাখা

নং-পার-৪/অভিযোগ-১/২০০৩-২৭

তারিখঃ ২৯/০১/২০১৭ খ্রি:

প্রজ্ঞাপন

বিষয়ঃ ডা: রবীন্দ্র নাথ সরকার, মেডিকেল অফিসার (এমসিএইচএফপি) (সাময়িকভাবে বরখাস্তকৃত), সদর, বরগুনা এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার।

যেহেতু, ডা: রবীন্দ্র নাথ সরকার, মেডিকেল অফিসার (এমসিএইচএফপি) (সাময়িকভাবে বরখাস্তকৃত), সদর, বরগুনা, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, মাদারীপুর-১ এর ৩১৯/২০০৬ নং মামলায় জেল হাজতে প্রেরিত হওয়ায় বাংলাদেশ সার্ভিস বুলস (পার্ট-১) এর বিধি-৭৩ মোতাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১১/০৮/২০০৭ খ্রি: তারিখের পার-৪/অভিযোগ-১/২০০৩/১৮৯ নং আদেশে তাকে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, উক্ত মামলায় বিজ্ঞ আদালত গত ০৮/০৩/২০১৬ তারিখের রায়ে তাকে বেকসুর খালাস প্রদান করেছেন;

সেহেতু, এক্ষণে ডা: রবীন্দ্র নাথ সরকার, মেডিকেল অফিসার (এমসিএইচএফপি) (সাময়িকভাবে বরখাস্তকৃত), সদর, বরগুনা এর ১১/০৮/২০০৭ খ্রি: তারিখের পার-৪/অভিযোগ-১/২০০৩/১৮৯ নং সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো এবং তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হলো।

শ্রীঃ

(মো: সিরাজুল ইসলাম)
সচিব

নং-পার-৪/অভিযোগ-১/২০০৩-২৭/১ (২০)

তারিখঃ ২৯/০১/২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা। (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারীপূর্বক মন্ত্রণালয়কে অবহিতকরার জন্য অনুরোধসহ)
- ২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা অফিস, বরগুনা।
- ৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বরগুনা।
- ৮। ডা: রবীন্দ্র নাথ সরকার, মেডিকেল অফিসার (এমসিএইচএফপি), সদর, বরগুনা।

২৫/০১/২০১৭
(মো: মিজানুর রহমান)
উপসচিব
ফোন-৯৫৪০৮৬৪